

কেন্দ্রীয় তহবিল হতে এক কোটি ৮২ লাখ টাকা গার্মেন্টস শ্রমিকের মৃত্যুজনিত সহায়তা প্রদান
ঢাকা, ২৫ অক্টোবরঃ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কেন্দ্রীয় তহবিল হতে বিজিএমইএর অন্তর্ভুক্ত বিভিন্ন গার্মেন্টস কারখানার ৯১
জন শ্রমিকের মৃত্যুজনিত সহায়তা হিসেবে এক কোটি ৮২ লাখ টাকা প্রদান করা হয়েছে।

আজ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সম্মেলনক্ষেত্র প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ানের সভাপতিত্বে পোশাক
শিল্পের শ্রমিকদের সহায়তার লক্ষ্যে গঠিত কেন্দ্রীয় তহবিলের ১৩তম বোর্ড সভায় বিজিএমইএ এর প্রতিনিধির
হাতে এ সহায়তার চেক তুলে দেয়া হয়।

মন্ত্রণালয়ের সচিব কে এম আবদুস সালাম, কেন্দ্রীয় তহবিলের মহাপরিচালক মোঃ আমীর হোসেন, বিজিএমইএ
এর সচিব কমোডর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ), বাংলাদেশ গার্মেন্টস শ্রমিক-কর্মচারী লীগের সভাপতি
এবং উক্ত বোর্ডের সদস্য সিরাজুল ইসলাম রনি, মহিলা শ্রমিক লীগ কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক
সৈয়দা খাইরুন নাহার তামরিন সভায় অংশগ্রহণ করেন।

বোর্ড সভায় কেন্দ্রীয় তহবিলের আপতকালীন হিসাব হতে বিজিএমইএ এর অন্তর্ভুক্ত বন্ধ ঘোষিত একটি গার্মেন্টস
কারখানার শ্রমিকদের বকেয়া বেতন-ভাতা পরিশোধের জন্য ২৫ লাখ ৮৯ হাজার টাকার আর্থিক সহায়তার
অনুমোদন দেয় হয়।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email : aktarullalpur@gmail.com

